# যুগান্তর

31 MAR 2003

## বাকৃবি শিক্ষক সমিতি নির্বাচনে ঐক্যবদ্ধ প্যানেল বিজয়ী

মোঃ জাহেদুল আলম রুবেল, *বাকৃবি থেকে*

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকৃবিশিস) কার্যনির্বাহী কমিটি ২০০৩ নির্বাচনে বিএনপি সমর্থিত সোনালি দল ও জামায়াত সমর্থিত আদর্শ শিক্ষক পরিষদের ঐক্যবদ্ধ প্যানেল নিরংকুশ বিজয় অর্জন করেছে। গতকাল রোববার বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত এই নির্বাচনে বিএনপি ও জামায়াত সমর্থিত ঐক্যবদ্ধ প্যানেল ১১টি পদের সবক'টিতে জয়লাভ করেছে।

সভাপতি পদে সোনালি দলের প্রফেসর ড. আবদুর রশিদ আহমেদ ২২২ ভোট পেয়ে নির্বাচিত হন। তার প্রতিদ্বন্দ্বী গণতান্ত্রিক শিক্ষক ফোরামের প্রফেসর ড. মতিউর রহমান খান পেয়েছেন ১২৭ ভোট। সাধারণ সম্পাদক পদে সোনালি দলের ড. মোঃ বাহাদুর রহমান ২১২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী গণতান্ত্রিক শিক্ষক ফোরামের ড. মোঃ আক্তার হোসেন চৌধুরী পেয়েছেন ১১৫ ভোট। সহ-সভাপতি পদে আদর্শ শিক্ষক পরিষদের প্রফেসর ড. একিউএম বজলুর রশীদ ১৭৮ ভোট পেয়ে, কোষাধ্যক্ষ পদে আদর্শ শিক্ষক পরিষদের প্রফেসর ড. রুহুল আমীন ২১৯ ভোট পেয়ে, যুগ্ম সম্পাদক পদে সোনালি দলের গোলাম মুর্তজা ২১৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। ছয়টি সদস্য পদে নির্বাচিত সদস্যরা হলেন- ড. মোঃ রুহুল আমিন (২২০ ভোট), প্রফেসর ড. মোঃ মোরশেদ আলম (২১৩ ভোট), প্রফেসর ড. জিএন মজিবুর রহমান (২০৮), প্রফেসর ড. মোঃ আবুল মনসুর নিজাত (২০১ ভোট), প্রফেসর ড. মোঃ আবদুর রহমান হাওলাদার (১৯৬) এবং প্রফেসর ড. মোঃ শাহজাহান আলী (১৯৫ ভোট)।